**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আসন্ন এডিসি নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া আজ শেষ হয়েছে।**

**(২) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামীকাল।**

**(৩) লোকসভায় আজ অর্থ বিল, ২০২৬ গৃহীত হয়েছে।**

**(৪) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে এল.পি.জি সিলিন্ডার, পেট্রোল ও ডিজেলের পর্যাপ্ত মজুত রয়েছে।**

**(৫) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আসর আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।**

****************************************

**ADC-Election :**

আসন্ন এডিসি নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া আজ শেষ হয়েছে। আগামীকাল মনোনয়নপত্রগুলো পরীক্ষা করে দেখা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২৮শে মার্চ। ভোট গ্রহণ ১২ই এপ্রিল। গননা হবে ১৭ই এপ্রিল। এডিসি-র ২৮টি আসনে এবার মোট ভোটার রয়েছেন ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন। এর মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ৪ লক্ষ ৮২ হাজার ২৫জন এবং মহিলা ভোটার রয়েছেন ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন অন্যান্য অংশের ভোটার রয়েছেন ৬ জন।

******************************

**AIR-VANDEMATRAM :**

স্বাধীনতার পর থেকে আকাশবাণী কেন্দ্রগুলিতে প্রথমে আইকনিক সিগনেচার টিউন ও "বন্দেমাতরম" সংগীতের দুই স্তবক অনুসরণ করে সকালবেলার সম্প্রচার শুরু করার একটি ঐতিহ্য রয়েছে। সেক্ষেত্রে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের ২৮শে জানুয়ারির নির্দেশিকা অনুযায়ী, "বন্দেমাতরম" সংগীতের ছয়টি স্তবকের নতুন সংস্করণ আগামীকাল থেকে আকাশবাণীর সমস্ত কেন্দ্রে সম্প্রচার শুরু হবে। নতুন সংস্করণটির সময়কাল হবে ৩ মিনিট ১০ সেকেন্ড। তাছাড়া, দেশের বিভিন্ন অঞ্চলের সংগীত বৈচিত্র্যকে তুলে ধরতে "বন্দেমাতরম" সংগীতের একাধিক আঞ্চলিক সংস্করণ রেকর্ড করা হচ্ছে, যেখানে বিভিন্ন ধরনের আঞ্চলিক বাদ্যযন্ত্র ব্যবহার করা হচ্ছে। সংশ্লিষ্ট রাজ্যের আকাশবাণী কেন্দ্রগুলি এই আঞ্চলিক সংস্করণগুলি সম্প্রচার করবে।

************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামীকাল। গতকাল স্ক্রুটিনি শেষে ৬ জন প্রার্থীরই মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। প্রার্থীরা হলেন, বিজেপির জহর চক্রবর্তী, সিপিআইএমের অমিতাভ দত্ত, জাতীয় কংগ্রেসের চ্যয়ন ভট্টাচার্য, আমরা বাঙালি দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই'এর সঞ্জয় চৌধুরী ও নির্দল প্রার্থী ব্রজলাল নাথ।

****************************

**Basanti Puja :**

মহাসপ্তমী পুজোর মধ্য দিয়ে আজ থেকে শুরু হয়েছে চারদিনব্যাপী বাসন্তী পুজা। সরকারি উদ্যোগে এবং ঐতিহ্য মেনে আগরতলার দুর্গাবাড়িতে হচ্ছে দুর্গাপুজো। এছাড়াও বিভিন্ন ক্লাব ও বাড়িঘরে চলছে ধর্মীয় রীতিনীতি মেনে মায়ের আরাধনা। প্রসঙ্গত, শরৎকালে দেবীর অকাল বোধন হলেও, বসন্তকালে অনুষ্ঠিত এই পূজা মূলত বাসন্তী পূজা নামে পরিচিত।

**************************

**BramhaKunda Mela :**

তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী আজ থেকে সিমনার ব্রহ্মকুন্ডে শুরু হয়েছে। উদ্বোধন করে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। ঐতিহ্যবাহী এই মেলায় সরকারি ও বেসরকারি উদ্যোগে বহু স্টল খোলা হয়েছে। উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দে।

****************************

**TSECL :**

রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু আজ জানিয়েছেন, সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে বিদ্যুৎ নিগমের ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ২ কোটি টাকা। রাজ্যের ৮টি জেলাতেই বিদ্যুৎ পরিকাঠামোর ক্ষতি হয়েছে। এরমধ্যে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে ধলাই, ঊনকোটি এবং খোয়াই জেলায়। তিনি জানান, গত ১৩ই মার্চ থেকে ২২শে মার্চ পর্যন্ত ঝড়বৃষ্টিতে রাজ্যজুড়ে প্রায় ৯০ কিলোমিটারেরও বেশি পরিবাহী তার সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। তাছাড়া ৪০০-রও বেশি বৈদ্যুতিক খুঁটি ভেঙে পড়েছে এবং ৩৭টি ট্রান্সফর্মার সম্পূর্ণ অকেজো হয়ে গেছে।

*****************************

**ADC-IPFT :**

আসন্ন এডিসি নির্বাচনে আই.পি.এফ.টি মোট ২৮টি আসনের মধ্যে ২৬টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। ইতিপূর্বে আই.পি.এফ.টি'র পক্ষ থেকে ৯টি আসনে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছিল। আজ দলের সভাপতি প্রেমকুমার রিয়াং আরো ১৭টি আসনের প্রার্থীদের নাম ঘোষণা করেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Finance Bill :**

লোকসভায় আজ ধ্বনি ভোটে অর্থ বিল, ২০২৬ গৃহীত হয়েছে। এই বিলের মাধ্যমে ২০২৬-২০২৭ অর্থবর্ষের জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক প্রস্তাবগুলো কার্যকর করা হবে। আজ লোকসভায় ২০২৬ সালের অর্থ বিলের উপর আলোচনার জবাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, সরকার ক্ষুদ্র ও মাঝারি শিল্প, কৃষক এবং সমবায়গুলিকে শক্তিশালী করছে, কারণ তারাই দেশের কর্মসংস্থান সৃষ্টি, উৎপাদন এবং সার্বিক উন্নয়নের কেন্দ্রবিন্দুতে রয়েছে। অর্থমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত সংস্কারের এক্সপ্রেস ট্রেনে চড়ে চলেছে। তিনি বলেন, এই বিলটি জীবনযাত্রার মান উন্নয়ন এবং করদাতাদের দুর্ভোগ কমানোর উপর গুরুত্বারোপ করেছে।

######Byte-Nirmala Sitaraman######

*******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

************************

**LPG-CLARIFICATION :**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, দেশে পর্যাপ্ত এলপিজি মজুত রয়েছে ফলে উদ্বেগের কোনো কারণ নেই। মন্ত্রক জানিয়েছে, সম্প্রতি কিছু সংবাদ মাধ্যমে ও সোশ্যাল মিডিয়ায় এলপিজি রিফিল বুকিংয়ের সময়সীমা পরিবর্তনের যে খবর ছড়ানো হয়েছে, তা সম্পূর্ণ ভুয়া। সময়সীমায় কোনো পরিবর্তন করা হয়নি। বর্তমান নিয়ম অনুযায়ী, শহরাঞ্চলে রিফিল বুকিং ২৫ দিনে এবং গ্রামাঞ্চলে ৪৫ দিন করতে হবে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এই ধরনের ভুয়া তথ্যে বিশ্বাস বা প্রচার না করতে এবং অপ্রয়োজনীয় বা আতঙ্কে বুকিং না করতে নাগরিকদের সতর্ক করেছে।

****************************

**Review Meeting :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে এল.পি.জি সিলিন্ডার, পেট্রোল ও ডিজেলের পর্যাপ্ত মজুত রয়েছে। এই সমস্ত সামগ্রীর ঘাটতি রয়েছে বলে কোনো ধরনের গুজবে বিভ্রান্ত না হতে তিনি জনগণের প্রতি আবেদন জানিয়েছেন। আজ আগরতলার প্রজ্ঞাভবনে জ্বালানি সামগ্রীর ডিলারদের

নিয়ে এক রাজ্যভিত্তিক পর্যালোচনা বৈঠকে খাদ্যমন্ত্রী বলেন, মধ্যপ্রাচ্যে চলমান অস্থিরতা সত্ত্বেও রাজ্যে এল.পি.জি সিলিন্ডার, পেট্রোল ও ডিজেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে। বৈঠকে তিনি বলেন, রাজ্যের কোথাও জ্বালানি সামগ্রীর কালোবাজারি ও বেআইনী মজুত করলে সেক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

****************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আসর আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সুধন্য দেববর্মা স্মৃতি স্কুল কোচিং সেন্টার ও আগরতলা সিটি ফুটবল ক্লাবের মধ্যে অনুষ্ঠিত উদ্বোধনী খেলাটি ১-১ গোলে ড্র হয়। এর আগে প্রাক্তন ফুটবলার সুশান্ত দে আসরের উদ্বোধন করেন। উমাকান্ত একাডেমির প্রধান শিক্ষক দুলাল দেবনাথ ও টি.এফ.এ সভাপতি প্রণব সরকার উপস্থিত ছিলেন।

*****************************

**Super Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ১২০ রানে সংহতি ক্লাবকে, টিআইটি মাঠে শতদল সংঘ ৩ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে এবং এমবিবি স্টেডিয়ামে ব্লাড মাউথ ক্লাব ৫ উইকেটে হার্ভে ক্লাবকে পরাজিত করে।

******************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ২৯শে মার্চ পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় ৩০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। এদিকে, আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো

হয়েছে, রাজ্যে আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৫ ডিগ্রি সেলসিয়াস।

*************************